## ৩০ শে এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ পর্যন্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

## ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪ ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০ www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:

## সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
٥.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৫	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
೨.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
8.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
Œ.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			

## MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: বিমানবন্দর রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং পূর্বাচল রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট পাতাল স্টেশন সংখ্যা ১২টি। বিমানবন্দর রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ উড়াল এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে উড়াল। নদ্দা ও নতুন বাজার স্টেশনদ্বর বিমানবন্দর রুটের অংশ হিসেবে পাতালে নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে MRT Line-5: Northern Route এর সক্ষো আন্তঃলাইন সংযোগ থাকবে। নদ্দা ও নতুন বাজার স্টেশনের আন্তঃরুট সংযোগ ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাওয়া যাবে। উভয় রুটের সকল বিস্তারিত Study, Survey, Basic Design, Detailed Design ও ডিপোর ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। MRT Line-1 এর রিসিভিং সাব স্টেশন-২ এর ভূমি অধিগ্রহণের নিমিত্ত রোয়েদাদ প্রস্তুত কার্যক্রম চলছে। নদ্দা, নতুন বাজার ও উত্তর বাড্ডা ৩টি পাতাল স্টেশনের Entry/Exit নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণের নিমিত্ত রেন্সিত্ত কোর্যক্রম ক্রিটি কর্তৃক অনুমোদনের জন্য বর্তমানে ভূমি মন্ত্রণালয়ের প্রক্রিয়াধীন আছে।

গত ২৩ অক্টোবর ২০২২ তারিখ MRT Line-1 এর নির্মাণ কাজ তত্ত্বাবধানের জন্য পরামর্শক প্রতিষ্ঠানের সঞ্চে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। MRT Line-1 এর নির্মাণ কাজ মোট ১২টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। গত ০১ মার্চ ২০২৩ তারিখ ডিপোর ভূমি উন্নয়ন সংক্রান্ত প্যাকেজ CP-01 এর ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। উল্লেখ্য যে, মাননীয় প্রধানমন্ত্রী গত ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ জনসম্মুখে বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেল MRT Line-1 এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন। প্যাকেজ CP-09, CP-10 এবং CP-11 এর প্রাক-যোগ্যতার (Prequalification) আবেদনসমূহের মূল্যায়ন সম্পন্ন হয়েছে। প্যাকেজ CP-09 ও CP-10 এর মূল্যায়ন প্রতিবেদনসমূহ গত ৫ ফেব্রুয়ারি ২০২৩ এবং CP-11 এর মূল্যায়ন প্রতিবেদন গত ১৭ জানুয়ারি ২০২৩ তারিখে Concurrence-এর জন্য JICA বরাবর প্রেরণ করা হয়েছে। প্যাকেজ CP-12 এর প্রাক-যোগ্যতার (Prequalification) আবেদন ইতোমধ্যে আল্পান করা হয়েছে। প্যাকেজ CP-02, CP-03, CP-04, CP-05, CP-06, CP-07, CP-08 এর দরপত্র আল্পান কার্যক্রম বিভিন্ন পর্যায়ে প্রক্রিয়াধীন আছে।